গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(রাজস্ব শাখা)
www.rajshahi.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০১৫.০২.০১৮.১৯- ২০৪০

তারিখঃ ০২ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৭ অক্টোবর২০১৯ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের অধিশাখা-২ (মাঠ প্রশাসন) অধিশাখার পত্র নং ৩১.০০.০০০০.০৪৬.১১.১১৯.১২.৫৮০, তারিখঃ ২৫ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী'র রাজস্ব প্রশাসন ও এর অধীনস্থ অফিস সমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের জন্য রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

জেলা প্রশাসকের কার্যালয় ও এর অধীনস্থ অফিসসমূহ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
১	অফিস সহায়ক	৩৩ (তেত্রিশ)টি	২০তম গ্রেড- ৮২৫০-২০০১০	অষ্টম শ্রেণি পাশ
২	নিরাপত্তা প্রহরী	০১ (এক)টি	২০তম গ্রেড- ৮২৫০-২০০১০	অষ্টম শ্রেণি পাশ

০১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও রাজশাহী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। সকল পদের আবেদন **জেলা প্রশাসক ও সভাপতি, জেলা নিয়োগ কমিটি, রাজশাহী-কে** সম্বোধন করে নির্ধারিত আবেদন ফরমে আগামী ২১/১১/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে পৌছাতে হবে।

০৩। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত আবেদন ফরম ও প্রবেশপত্রটি **www.rajshahi.gov.bd** ওয়েবসাইটে এবং জেলা প্রশাসকের কার্যালয়ের এস.এ শাখায় পাওয়া যাবে। পূরণকৃত আবেদন ফরম ও প্রবেশপত্র ডাকযোগে আগামী ২১/১১/২০১৯ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০৪। নির্ধারিত আবেদন ফরমের সকল কলাম এবং প্রবেশ পত্রের "প্রার্থী কর্তৃক পূরণীয়" স্থান যথাযথভাবে পূরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

০৫। নতুন আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স আগামী ২১/১১/২০১৯ তারিখে অবশ্যই ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৬। বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

০৭। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৯। মুক্তিযোদ্ধা কোটায় চাকুরি প্রার্থীদেরকে নির্ধারিত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত ছক পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

প্রার্থীর নাম	মুক্তিযোদ্ধার নাম	মুক্তিযোদ্ধার পিতার নাম	মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা	মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র জন্ম তারিখ, জন্ম সনদ, মৃত মুক্তিযোদ্ধার ক্ষেত্রে মৃত্যু সনদ	মুক্তিযোদ্ধা সনদ নম্বর মুক্তিবার্তা নম্বর ও তারিখ	গেজেট নম্বর ও তারিখ	মন্ত্রণালয়ের সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	বামুস সনদ নম্বর ও তারিখ	মুক্তিযোদ্ধার নাতি নাতনি দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা- মাতার জাতীয় পরিচয়পত্র	মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র, পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

০৯। **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।**

(ক) প্রার্থীদর সদ্য তোলা ৫X৫ সে:মি: সাইজের রঙ্গিন ছবি ০৪ (চার) কপি।
(খ) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের কপি।
(গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
(ঘ) জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সনদের কপি।
(ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।
(ঙ) সরকারি নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারিরিক প্রতিবন্ধী/নৃতাত্ত্বিক জনগোষ্ঠীভূক্ত প্রার্থীর জন্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমানপত্রের কপি।
(চ) ট্রেজারী চলানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা কোড নং- ১-০৭৪২-০০০০-২০৩১ এ জমা করে চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
(ছ) পদের নাম ও প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত করে ১০"X৪.৫" মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১০। প্রয়োজনীয় সকল কাগজপত্রের ফটোকপি সাথে আনতে হবে।
১১। খামের উপর পদের নাম ও বিশেষ কোটা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
১২। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল পূর্বক তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৩। একজন প্রার্থী শুধুমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন।
১৪। প্রার্থীগণকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৫। সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৬। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
১৭। ইতোপূর্বে অফিস সহায়ক এর ০৮ (আট)টি শূণ্যপদের বিপরীতে যারা আবেদন করেছেন তাদের নতুনভাবে আবেদন করার প্রয়োজন নেই।

২৭.১০.২০১৯
মো. হামিদুল হক
জেলা প্রশাসক
রাজশাহী
ফোনঃ ০৭২১-৭৭২০৫০
ফ্যাক্স-০৭২১-৭৭৪৬৮৫
ই-মেইল: dcrajshahi@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৮১০০.০১৫.০২.০১৮.১৯- ২০৪০(১০০)

তারিখঃ ০১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৭ অক্টোবর২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার,...............................(সকল)
০৫। জেলা প্রশাসক, ...(সকল)
০৬। পুলিশ সুপার..................................(সকল)
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী।
০৯। সিভিল সার্জন, রাজশাহী।
১০। উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/(সার্বিক)/(রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী।
১২। উপজেলা নির্বাহী অফিসার..................................(সকল), রাজশাহী।
১৩। সহকারী কমিশনার (ভূমি),.................................(সকল), রাজশাহী।
১৪। সহকারী কমিশনার, ...শাখা (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
১৫। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, রাজশাহী।
১৬। উপপরিচালক, জেলা তথ্য অফিস, রাজশাহী।
১৭। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তি, আবেদন ফরম এবং প্রবেশপত্র জেলা প্রশাসকের ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হলো।
১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ভোরের কাগজ পত্রিকায়, ঢাকা।
১৯। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সোনার দেশ পত্রিকায়, রাজশাহী।
২০। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।

তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি সাপ্তাহিক ছুটির দিন ব্যতিত আগামী ২১/১০/২০১৯ তারিখে তাঁর পত্রিকার ভিতরের পাতায় (৩"X৭") এক দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রচারিত সংখ্যার ০২ (দুই) কপি অত্রাফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৭.১০.২০১৯
জেলা প্রশাসক
রাজশাহী

চাকরির আবেদন ফরম

৫ × ৫ সে.মি.
(সম্প্রতি তোলা তিন কপি সত্যায়িত ছবি ষ্ট্যাপলার করতে হবে)

বরাবর
জেলা প্রশাসক
ও
সভাপতি, জেলা নিয়োগ কমিটি, রাজশাহী।

১.	পদের নাম:		
২.	বিজ্ঞপ্তির নম্বর:		তারিখ:
৩.	প্রার্থীর নাম:	বাংলায়:	
		ইংরেজীতে (বড় অক্ষরে):	
৪.	জাতীয় পরিচয় নম্বর:		যে কোন একটি
	জন্ম নিবন্ধন নম্বর:		
৫.	জন্ম তারিখ:		৬. জন্মস্থান (জেলা):
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স:	বছর	মাস / দিন
৮.	মাতার নাম:		
৯.	পিতার নাম:		

	ঠিকানা:	বর্তমান	স্থায়ী
১০.	বাসা ও সড়ক (নাম ও নম্বর):		
	গ্রাম/পাড়া/মহল্লা:		
	ইউনিয়ন/ ওয়ার্ড:		
	ডাকঘর:		
	পোস্ট কোড নম্বর:		
	থানা/উপজেলা:		
	জেলা:		

১১.	যোগাযোগ:	মোবাইল/টেলিফোন নম্বর:		ই-মেইল (যদি থাকে):
১২.	জাতীয়তা:		১৩.	জেন্ডার:
১৪.	ধর্ম:		১৫.	পেশা:

১৬. শিক্ষাগত যোগ্যতা:

পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়	গ্রেড/শ্রেণি/বিভাগ

১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):			
১৮	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):			
১৯.	কোটা (টিক দিন):	মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা		এতিম/শারীরিক প্রতিবন্ধী
		ক্ষুদ্র নৃ-গোষ্ঠী	আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য	অন্যান্য (উল্লেখ করুন):
২০.	চালান নম্বর:			তারিখ:
	ব্যাংক ও শাখার নাম:			
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন):	হ্যাঁ	না	প্রযোজ্য নয়

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমানের জন্য সকল মুল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ:

প্রার্থীর স্বাক্ষর

প্রবেশপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
(রাজস্ব শাখা)
www.rajshahi.gov.bd

৫ × ৫ সে.মি.
(সম্প্রতি তোলা তিন কপি সত্যায়িত ছবি ষ্ট্যাপলার করতে হবে)

(অফিস কর্তৃক পুরণীয়)

(প্রার্থী কর্তৃক পুরণীয়)

রোল নং-

জেলা:	....	পদের নাম:	....
পরীক্ষা কেন্দ্রের নাম:	....	নাম:	....
পরীক্ষার তারিখ:	....	পিতা/স্বামীর নাম:	....
পরীক্ষার সময়:	....	বর্তমান ঠিকানা:	....
			....
			....

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।
২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
৪। প্রয়োজনীয় কলম, পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীর সাথে আনতে হবে।
৫। প্রবেশপত্র ছাড়া কোন কাগজপত্র পরীক্ষার্থীর নিকট পাওয়া গেলে তাকে পরীক্ষায় অংশগ্রহণ হতে বিরত রাখা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের এটি পরবর্তী ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে; নতুন করে আর কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
৭। লিখিত ও মৌখিক পরীক্ষায় যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জেলা প্রশাসক
রাজশাহী

বিঃদ্রঃ এই প্রবেশপত্রের দুই কপি আবশ্যিকভাবে আবেদনপত্রের সাথে প্রেরণ করতে হবে।